

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো  
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি)'র নৈতিকতা  
কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মো: নুরুল করিম মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো
তারিখ	:	২৬ ডিসেম্বর, ২০১৮ খ্রি.
সময়	:	সকাল ১২.০০ টা
স্থান	:	খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোর সভাকক্ষ
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

#### আলোচনা:

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর বিভিন্ন দিক পর্যালোচনা করেন। সভায় জানানো হয়, বিগত অর্থবছরগুলোতে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোয় নম্বর প্রদান পদ্ধতি না থাকলেও এ অর্থবছরে প্রথমবারের মত নম্বর প্রদান পদ্ধতি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিগত অর্থবছরগুলোর ন্যায় এ বছরও জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য ব্যৱো'র কর্মকর্তা-কর্মচারীদেরকে অধিক মনোযোগী হওয়ার উপর গুরুত আরোপ করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে দিক নির্দেশনা প্রদান করা হয়।

কর্মপরিকল্পনা অনুযায়ী চলাতি ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নের উপর আলোচনা করা হয়। ২য় কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রা হলো উত্তম চর্চার (Best Practices) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করাসহ ইত্যাদি।

সভাপতি দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে অত্র দপ্তরে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের উপর গুরুত আরোপ করেন। সভায় জানানো হয়, শতভাগ ইউনিকোডে চিঠিপত্র নিষ্পত্তিসহ বর্তমানে প্রায় অধিকাংশ নথি ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি হচ্ছে। সভাপতি ই-ফাইলিং পদ্ধতিতে নথি নিষ্পত্তির উপর আরো বেশি জোর দিতে বলেন এবং সেবাগ্রহীতাগণ যাতে দ্রুত সেবা পায় তার ব্যবস্থা করতে কর্মকর্তাদেরকে নির্দেশ প্রদান করেন।

সভায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱো (বিএমডি)'র ২০১৮-১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত লক্ষ্যমাত্রার অংশ হিসেবে উত্তম চর্চা (Best Practices) হিসেবে নিম্নবর্ণিত বিষয়সমূহকে চূড়ান্ত করা হয়। যথা-



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

## পূর্ব পৃষ্ঠার পর হতে-

- (ক) অফিসে বিদ্যুৎ ও পানি ব্যবহারে সাশ্রয়ী হওয়া।
- (খ) অফিস কক্ষ ও আঙিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সচেষ্ট হওয়া।
- (গ) অফিস কক্ষ ত্যাগের পূর্বে বৈদ্যুতিক সুইচসমূহ বন্ধ করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া।
- (ঘ) সেবাগ্রহীতাদের জন্য সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করা।
- (ঙ) ইজারাগ্রহীতাদের জমাকৃত নিরাপত্তা জামানত ইজারা মেয়াদ শেষ হলে বিএমডি'র স্টুদেয়োগে ফেরত প্রদান করা।
- (চ) সরকারি স্বার্থের বিরুক্ত দায়েরকৃত মামলাসমূহ নিয়মিত মনিটরিং করা।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (১) নির্ধারিত সময়ের মধ্যে উত্তম চর্চার (Best Practices) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করতে হবে।
- (৩) কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রাখতে হবে।
- (৪) দপ্তরে আগত সেবাগ্রহীতাদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে এবং সিটিজেন্স চার্টার অনুসরণপূর্বক সেবা প্রদান করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মো: নূরুল করিম)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ও


সভাপতি, নেতৃত্বকারী কমিটি

২৮.০৭.০০০০.০০৮.৩৬.০০১.১৩. ১৭০

তারিখ: ১৫ পৌষ ১৪২৫  
২৭ ডিসেম্বর ২০১৮

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সচিবের একান্ত সচিব, জালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
- ৩। কর্মচারী (সকল)..... বিএমডি, ঢাকা।
- ৩। সংশ্লিষ্ট নথি।

  
(মো: নূরুল করিম)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)